



# Spring Trade Limited

Plot # 42, Konapara, Tenguri, Zirani Bazar, Savar

## অংশগ্রহণকারী কমিটি নির্বাচন - ২০১৯ ইং (Participatory Committee - PC) - 2019

### নির্বাচনী প্রচার বিধিমালা

কোন প্রার্থী নির্বাচনী তফসিলে ঘোষিত তারিখ ব্যতীত অন্য সময়ে কোন প্রচার প্রচারনা চালাতে পারবেনা।

কোন প্রার্থী তার দৈনন্দিন কাজের ক্ষতি করে কোন প্রচার প্রচারনা চালাতে পারবেনা।

নির্বাচনে প্রার্থীগণ প্রচারনার জন্য কি ধরনের উপকরণ, কোথায় কোথায় ব্যবহার করতে পারবে, কি পারবেনা, এ ব্যাপারে নির্বাচন পরিচালনা কমিটি যথাসময়ে যথাযোগ্য নোটিশ বা বিজ্ঞপ্তি প্রকাশ করবেন। প্রয়োজনে নির্বাচন পরিচালনা কমিটির পক্ষ থেকে পোস্টার, ছবিসহ বোর্ড বা ব্যানার তৈরী করে প্রচারের ব্যবস্থা করবেন।

কোনভাবেই কারখানা প্রাঙ্গণের বাহিরে কোন ধরনের মিছিল-মিটিং কিংবা নির্বাচনী প্রচার চালাতে পারবেনা।

কোন ব্যবস্থাপনা কর্মকর্তা বা কর্মচারী কোন প্রার্থীর পক্ষে বা বিপক্ষে কোন ধরনের পরোক্ষ বা প্রত্যক্ষ হস্তক্ষেপ করতে পারবেন না এবং কোন নির্বাচনী প্রচারনায় অংশ নিতে পারবেন না।

নির্বাচনী প্রচারের জন্য যে কোন প্রার্থী তফসিলে ঘোষিত প্রচারনার দিনগুলোতে টিফিন/দুপুরের খাবার বিরতির সময় ব্যবহার করতে পারবেন।

প্রার্থী কোনভাবেই বহিরাগত কোন ব্যক্তিকে নির্বাচনী প্রচার অথবা নির্বাচন সংশ্লিষ্ট কোন কাজে ব্যবহার করতে পারবেনা।

কোন প্রার্থী কারখানার স্বাভাবিক কর্মপরিবেশ ব্যহত করে কোন নির্বাচনী প্রচার করতে পারবে না।

নির্বাচন পরিচালনা কমিটি যেকোন সময় প্রচারনা সম্পর্কিত কিংবা বিধিমালা সম্পর্কিত যে কোন সম্পূর্ণক বিজ্ঞপ্তি/নোটিশ যে কোন সময় জারী করতে পারবেন।

অংশগ্রহণকারী কমিটির নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়াও পরিবেশ-পরিস্থিতি অনুযায়ী যে কোন সময় নির্বাচন পরিচালনা কমিটি যথাযোগ্য যে কোন বিজ্ঞপ্তি বা নোটিশ জারী করতে পারবে।

ধন্যবাদান্তে,



আহ্বায়ক

নির্বাচন পরিচালনা কমিটি

স্প্রিং ট্রেড লিমিটেড

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলোঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। পরিচালক
- ৩। মহা-ব্যবস্থাপক
- ৪। উপ-মহাব্যবস্থাপক
- ৫। সহ-মহাব্যবস্থাপক
- ৬। সকল বিভাগীয় প্রধান
- ৭। নোটিশ বোর্ড
- ৯। সংশ্লিষ্ট নথি